তারিখ 03 MAR 1986
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

086

আজ ও কাল এসএসসি প্রবেশপত্র বিলি হবেঃ ঢাকা শিক্ষা বোর্ড চেয়ারম্যান

# ধর্মঘটী শিক্ষকদের কাল শহীদ মিনারে সমাবেশ, শিক্ষা ভবন ঘেরাও

(নিজস্ব বার্তা পরিবেশক)

দুই দফা দাবী আদায়ের লক্ষ্যে রাজধানীসহ সারাদেশের বেসরকারী মাধ্যমিক স্কুল শিক্ষকদের ধর্মঘটের নবম দিবস গতকাল রোববার অতিবাহিত হয়। গতকাল পর্যন্ত অচলাবস্থার নিরসন হয়নি। শিক্ষক সমণ্বয় পরিষদ ধর্মঘটের কর্মসূচী অব্যাহত রেখে আগামীকাল মঙ্গলবার সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক-ছাত্র-অভিভাবক সমাবেশ ও সমাবেশশেষে শিক্ষা ভবন ঘেরাও-এর কর্মসূচী ঘোষণা করেছে। অন্যদিকে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ আজ সোমবার থেকে বোর্ডের অধীনস্থ স্কুলসমূহে এস, এস, সি পরীক্ষার প্রবেশপত্র বিতরণের প্রস্তুতি নিয়েছেন।

বাংলাদেশ শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জনাব আবুবকর সিদ্দিক গতকাল এক বিবৃতিতে সরকার ঘোষিত বর্ধিত বেতনের প্রস্তাব প্রত্যাখ্যান করে ধর্মঘট অব্যাহত রাখার সিদ্ধান্ত ঘোষণা করেছেন। বিবৃতিতে তারা বলেন, মার্চ '৮৬ থেকে বর্ধিত বেতন দান পূর্বঘোষিত বিষয় এবং শিক্ষকগণ আগেই তা প্রত্যাখ্যান করেছেন।

বিবৃতিতে তারা বলেন, ধর্মঘট আরম্ভ করার আগে ও পরে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের পথ খোলা ছিল। কিন্তু সরকার তা না করে শিক্ষক নেতৃবৃন্দকে নির্বিচারে গ্রেফতার করে পূর্বঘোষিত বিষয় পুনঃপ্রচার করে বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা করছেন।

বাংলাদেশ শিক্ষক সমিতির অপর অংশের মহাসচিব জনাব নজরুল ইসলাম গতকাল পৃথক এক বিবৃতিতে বলেন, সরকার যদি ২৪ ঘণ্টার মধ্যে আলাপ-আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের পরিবেশ সৃষ্টি করেন তাহলে অতীতের ন্যায় তারা এসএসসি পরীক্ষায় অংশ নিতে আগ্রহী। এ পরিবেশ সৃষ্টি করার দায়দায়িত্ব সরকারের এবং পরীক্ষা না হওয়ার জন্য সরকার, বিশেষ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ২৬ জন শিক্ষক জেল হাজতে

(আদালত বার্তা পরিবেশক)

লালবাগ পুলিশ গত শুক্রবার ও শনিবার মোট ২৬ জন মাধ্যমিক শিক্ষক-শিক্ষয়িত্রীকে গ্রেফতার করে ঢাকার চীফ মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট আদালতে সোপর্দ করে। আদালত সকলকেই জেল হাজতে প্রেরণ করেছেন।

গ্রেফতারকৃত শিক্ষক-শিক্ষয়িত্রীগণ হচ্ছেন: নবাব হাবিবুল্লাহ মডেল হাই স্কুলের আয়ুব আলী, মোস্তফা শাহ আলম, আবু সাইদ মোঃ সোহরাব, ষ্টাফ ওয়েল ফেয়ার হাইস্কুলের মোঃ শাজাহান মিয়া, আবদুল মমিন, মিজানুর রহমান, সালেহা হাইস্কুলের মিসেস আয়েশা আখতার খাতুন, এস, এম গজনবী, মোঃ শরাফ উদ্দিন, আনোয়ারা বেগম মুসলিম উচ্চ বালিকা বিদ্যালয়ের নুর মোহাম্মদ তালুকদার, মিসেস শামসেদ বেগম, মিসেস হাবিবুন্নেছা, মিসেস ফজিলাতুন্নেছা, খালেদ হায়দার মেমোরিয়াল হাইস্কুলের মোঃ শাহ আলম, রহমত উল্লাহ মডেল হাইস্কুলের গোলাম রহমান, রাজধানী হাইস্কুলের আবদুল বারিক, নজরুল শিক্ষালয়ের এ,কে,এম আবদুস সালাম, ইউসুফ হাই স্কুলের এম, এ জলিল, ফরিদউদ্দিন সিদ্দিকী হাইস্কুলের মোঃ ইলিয়াস, ওয়েষ্ট এণ্ড হাইস্কুলের আবদুস সোবহান মোঃ আবদুল মজিদ, শামসুল হুদা, হাবিবুর রহমান, ঢাকা শিক্ষক প্রশিক্ষণ কলেজের সাইফুল আলম,

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### ২৬ জন জেল হাজতে

(১ম পাতার পর)

হারুনর রশীদ ও শ্রী নিখিল চন্দ্র সূত্রধর।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনের ১৬ নং ধারা ও দণ্ডবিধির ১৪৩/১৪১/৩২৩/৩৭৯ ধারায় অভিযোগ আনা হয়।

গতকাল রোববার চীফ মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট আদালতে গ্রেফতারকৃত শিক্ষক-শিক্ষয়িত্রীর জামিনের প্রার্থনা করা হলে তা নামঞ্জুর করা হয়।



তারিখ 03 MAR 1986
কলাম ... ৫

## শিক্ষা ভবন ঘেরাও

(১ম পাতার পর)

করে শিক্ষামন্ত্রীই দায়ী থাকবেন।

এদিকে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান গত রাতে এই বার্তা পরিবেশককে জানান: আজ সোমবার থেকে ঢাকার স্কুলগুলোতে এসএসসি পরীক্ষার প্রবেশপত্র বিতরণের ব্যবস্থা নেয়া হয়েছে। আজ ও আগামীকাল মঙ্গলবার প্রবেশপত্র বিতরণের কাজ চলবে। তিনি বলেন, ঢাকাসহ সব জায়গায় জেলা প্রশাসকবৃন্দ সুষ্ঠুভাবে প্রবেশপত্র বিতরণ করার ব্যবস্থা নিয়েছেন বলে আশ্বাস দিয়েছেন।

### বিক্ষোভ মিছিল

শিক্ষক সমণ্বয় পরিষদের নেতৃবৃন্দ গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংগ্রাম পরিষদ নেতৃবৃন্দের সঙ্গে আলোচনায় বসেন। আলোচনাশেষে তারা দাবী আদায়ের লক্ষ্যে আগামীকাল মঙ্গলবার সকাল ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনারে ধর্মঘটী শিক্ষকবৃন্দ, ছাত্র ও অভিভাবকদের সমাবেশ ও সমাবেশশেষে শিক্ষা ভবন ঘেরাও করার কর্মসূচী ঘোষণা করেন। আলোচনাশেষে শিক্ষকরা একটি বিক্ষোভ মিছিল বের করেন। মিছিলটি জাতীয় প্রেসক্লাবে এসে শেষ হয়।

শিক্ষকদের দাবী মেনে নিয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবীতে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগরী শাখার উদ্যোগে গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে ঢাকা শহরের বিভিন্ন স্কুলের ছাত্রদের সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশশেষে একটি বিক্ষোভ মিছিল সহকারে শিক্ষা পরিদপ্তরে গিয়ে ছাত্রবৃন্দ শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালকের কাছে একটি স্মারকলিপি পেশ করে।

### সমর্থন

এদিকে দেশের বিভিন্ন ধরনের সংগঠন ধর্মঘটী বেসরকারী স্কুলের শিক্ষকদের প্রতি তাদের সমর্থন দান অব্যাহত রেখেছে। বাংলাদেশ মহিলা আওয়ামী লীগের সভানেত্রী বেগম আইভি রহমান এবং সাধারণ সম্পাদিকা এডভোকেট সাহারা খাতুন গতকাল এক যুক্ত বিবৃতিতে ধর্মঘটী শিক্ষকদের আন্দোলনের প্রতি সমর্থন জানান ও শিক্ষকদের দাবী মেনে নিয়ে গ্রেফতারকৃতদের অবিলম্বে মুক্তি দানের দাবী জানান।

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বলেন, শিক্ষকদের ধর্মঘটের বিষয়টি সমস্ত জাতির জন্য লজ্জাজনক। তারা বলেন, সরকার শিক্ষকদের সঙ্গে কোনরকম গঠনমূলক আলোচনা না করেযে দমননীতি গ্রহণ করেছেন তা পরিস্থিতিকে আরো জটিল করে তুলেছে।

বাংলাদেশ আইনজীবী সমণ্বয় পরিষদের আহ্বায়ক ও সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি জনাব শামসুল হক চৌধুরী এক বিবৃতিতে ধর্মঘটী শিক্ষকদের আন্দোলনের সাথে সংহতি প্রকাশ করে তাঁদের দাবী মেনে নেয়ার আহ্বান জানিয়েছেন।

অন্যান্য সংগঠনের মধ্যে বিপ্লবী ছাত্র আন্দোলন, বাংলাদেশ বেসরকারী মাধ্যমিক স্কুল চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন, বাংলাদেশ শিক্ষক প্রশিক্ষণার্থী ঐক্য পরিষদ, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি ও গণসংস্কৃতি পরিষদ বেসরকারী শিক্ষকদের দাবী মেনে নিয়ে গ্রেফতারকৃত শিক্ষক নেতৃবৃন্দের মুক্তি দাবী করেছেন।

### দেশের অন্যান্য স্থানে

ইতিমধ্যে দেশের বিভিন্ন স্থান থেকে বেসরকারী মাধ্যমিক স্কুল শিক্ষকদের ধর্মঘটের খবর আসছে। সংবাদ-এর পটুয়াখালীস্থ সংবাদদাতা জানান, পটুয়াখালীতে বেসরকারী মাধ্যমিক স্কুলগুলোতে ধর্মঘট চলছে। গত ২৮শে ফেব্রুয়ারী জেলার ধর্মঘটী শিক্ষকরা একটি মিছিল বের করেন ও ইউ এন ও'র কাছে একটি স্মারকপত্র পেশ করেন। তিনি জানান, ভূপাল উপজেলায়ও বেসরকারী স্কুল শিক্ষকদের পূর্ণ ধর্মঘট চলছে।

দিনাজপুর থেকে সংবাদ-এর নিজস্ব সংবাদদাতা জানান, দিনাজপুরের বেসরকারী মাধ্যমিক স্কুল শিক্ষকরা ২২শে ফেব্রুয়ারী থেকে ধর্মঘট চালিয়ে যাচ্ছেন। দিনাজপুর সদর ও বীরগঞ্জসহ বিভিন্ন উপজেলার শিক্ষকরা রাষ্ট্রপতি, শিক্ষামন্ত্রী ও শিক্ষা বিভাগের মহাপরিচালকের কাছে জরুরী তারবার্তা পাঠিয়েছেন।

বগুড়াস্থ সংবাদদাতা জানান, বাংলাদেশ শিক্ষক সমিতি বগুড়া জেলা শাখার শিক্ষকগণ আসন্ন এস এস সি পরীক্ষা পরিচালনার দায়িত্বে অংশ না নেয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

কুষ্টিয়া থেকে সংবাদ-এর নিজস্ব সংবাদদাতা জানান, শিক্ষক সমিতি (নজরুল) আহূত দেশব্যাপী অবিরাম শিক্ষক ধর্মঘটের প্রতি সমর্থন জানিয়ে গত ২২শে ফেব্রুয়ারী থেকে ভেড়ামারা, মিরপুর এবং দৌলতপুর উপজেলার সকল বেসরকারী স্কুল শিক্ষকরা ধর্মঘট শুরু করেছেন। ধর্মঘটের দিন থেকেই শিক্ষকবৃন্দ ছাত্রছাত্রীদের পড়ানোসহ অফিসের সকল কাজকর্ম বন্ধ করে দিয়েছেন।

গফরগাঁওয়ের সংবাদদাতা জানান, উপজেলার ৩৩টি হাইস্কুল ও ৩৩টি জুনিয়র হাইস্কুলের শিক্ষক-কর্মচারীরা গত ২২শে ফেব্রুয়ারী থেকে সমণ্বয় পরিষদের আহ্বানে ধর্মঘটে যোগ দিয়েছেন।

পঞ্চগড় থেকে সংবাদদাতা জানান, গতকাল রোববার বোদা উপজেলার ধর্মঘটী শিক্ষকরা তাদের দাবী-দাওয়ার সমর্থনে এক জনসভা ও সভাশেষে বিক্ষোভ মিছিলের আয়োজন করেন।

মুন্সীগঞ্জের নিজস্ব সংবাদদাতা জানান, মুন্সীগঞ্জের ধর্মঘটী শিক্ষকরা গত পরশু রোববার তাদের দাবীর সমর্থনে সমাবেশ ও বিক্ষোভ মিছিলের আয়োজন করেন। পরে শিক্ষকরা জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কাছে স্মারকলিপি পেশ করেন।

কুড়িগ্রামের নিজস্ব সংবাদদাতা জানায় জেলার ১৩৫টি স্কুলে প্রায় ১৫শ' শিক্ষক গত শনিবার তাদের দাবীর সমর্থনে বিক্ষোভ মিছিল সহকারে কুড়িগ্রামের জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ করেন।

মানিকগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা তারবার্তায় জানান: গতকাল মানিকগঞ্জ শহরে ধর্মঘটী মাধ্যমিক শিক্ষকরা তিন দফা সমাবেশ ও বিক্ষোভ মিছিল বের করেন। তারা জেলা প্রশাসক ও পুলিশ সুপারের অফিসের সামনেও অবস্থান ধর্মঘট করেন।

পরে জনাব আবদুল কাশেমের সভাপতিত্বে এক সমাবেশে আসন্ন এস এস সি পরীক্ষা প্রতিহত করার কর্মসূচী ঘোষণা করা হয়। জেলা প্রশাসন ৭টি উপজেলায় নির্বাহী অফিসারের কাছে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র পাঠিয়েছেন।

ঝালকাঠি থেকে নিজস্ব সংবাদদাতা তারবার্তায় জানান, ধর্মঘটী বেসরকারী স্কুল শিক্ষকদের সমর্থনে গতকাল ঝালকাঠি শহরে এসএসসি পরীক্ষার্থীসহ ছাত্ররা এক মিছিল বের করে। মিছিলকারীরা গ্রেফতারকৃত শিক্ষকদের অবিলম্বে মুক্তি দাবী করে। ছাত্ররা শিক্ষকদের মুক্তি ও ২ দফা দাবী মেনে না নেয়া হলে পরীক্ষায় অংশ নেবে না বলে ঘোষণা করে।